চাঁদ দেখার জন্য নব আবিষ্কৃত যন্ত্রের সহায়তা গ্রহণ করা

[বাংলা – Bengali – بنغالي]

মুহাম্মদ সালেহ আল-মুনাজ্জিদ

অনুবাদ : সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদনা : ইকবাল হোছাইন মাছুম

আলী হাসান তৈয়ব

2012 - 1433

IslamHouse.com

﴿لا حرج من الاستعانة بالأجهزة الحديثة لرؤية الهلال ﴾

« باللغة البنغالية »

محمد صالح المنجد

ترجمة: ثناء الله نذير أحمد

مراجعة: إقبال حسين معصوم

علي حسن طيب

2012 - 1433

IslamHouse.com

চাঁদ দেখার জন্য নব আবিষ্কৃত যন্ত্রের সহায়তা গ্রহণ করা দোষের নয়

প্রশ্ন : মাসের শুরু ও শেষ জানার জন্য জ্যোতির্বিদ্যার উপর নির্ভর করা কি বৈধ ? চাঁদ দেখার জন্য নতুন আবিষ্কৃত যন্ত্র ব্যবহার করা কি বৈধ ? না খালি চোখে চাঁদ দেখা জরুরি ?

জবাব :

আলহামদুলিল্লাহ, মাসের প্রবেশ প্রমাণ করার জন্য শরিয়ত সম্মত পদ্ধতি হচ্ছে মানুষের চাঁদ দেখা। এটা এমন লোকদের পক্ষ থেকে হওয়া জরুরি, যাদের দীনদারী নির্ভরযোগ্য ও দৃষ্টিশক্তি ভাল-প্রখর। এরা যখন চাঁদ দেখবে, এদের দেখা অনুযায়ী আমল করা ওয়াজিব। যদি রমজানের চাঁদ হয় তবে রোজা রাখা, আর যদি শাওয়ালের চাঁদ হয় তবে ইফতার করা।

চাঁদ দেখা না গেলে শুধু জ্যোতির্বিদ্যার উপর নির্ভর করা বৈধ নয়। যদি চাঁদ দেখা যায়, তবে কক্ষপথের উপর নির্ভর করা গ্রহণযোগ্য। যেহেতু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

« إِذَا رَأَيْتُمُوهُ فَصُومُوا وَإِذَا رَأَيْتُمُوهُ فَأَفْطِرُوا ».

"যখন তোমরা চাঁদ দেখবে রোজা রাখবে, আর যখন চাঁদ দেখবে তখন (রোজা) ভঙ্গ করবে।" (বুখারী : ১৯০০; মুসলিম : ২৫৫৬)

শুধু গণনার উপর আমল করা কিংবা নির্ভর করা বৈধ নয়।

চাঁদ দেখার ক্ষেত্রে অনুবিক্ষণ যন্ত্র ব্যবহার করা অবৈধ নয়, তবে তা ওয়াজিবও নয়। কারণ, হাদিসের স্পষ্ট বক্তব্য হচ্ছে স্বাভাবিক দেখার উপর নির্ভর করা, অন্য কিছুর উপর নয়। যদি নির্ভরযোগ্য কোনো ব্যক্তি তা ব্যবহার করে এবং তার মাধ্যমে চাঁদ দেখে, তবে তার দেখার উপর আমল করা বৈধ। আদি যুগে মানুষ রমজান ও শাবানের ত্রিশ তারিখে মিনারায় উঠে যন্ত্র ব্যবহার করে চাঁদ দেখত।

সারকথা, যেভাবেই হোক, যখন চাঁদ দেখা প্রমাণ হতে হবে, তখন সে অনুযায়ী আমল করা ওয়াজিব। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

« إِذَا رَأَيْتُمُوهُ فَصُومُوا وَإِذَا رَأَيْتُمُوهُ فَأَفْطِرُوا ».

"যখন তোমরা চাঁদ দেখবে রোজা রাখবে, আর যখন চাঁদ দেখবে তখন (রোজা) ভঙ্গ করবে।" (বুখারী : ১৯০০; মুসলিম : ২৫৫৬)

শায়খ মুহাম্মদ বিন সালেহ আল-উসাইমীন

'ফতোয়া উলামাউ বালাদিল হারাম' পৃষ্ঠা : ১৯২ ও ১৯৩)

'ফতোয়া লাজনায়ে দায়েমা'-র (১২৪৫) নং প্রশ্নের উত্তরে রয়েছে : "চাঁদ দেখার ক্ষেত্রে অনুবীক্ষণ যন্ত্র ব্যবহার করা বৈধ। তবে রমজান শুরু ও শেষের জন্য জ্যোতির্বিদ্যার উপর নির্ভর করা বৈধ নয়।" দেখুন : ফতোয়া লাজনাদ দায়েমা : (৯/৯৯)

এরই মাধ্যমে প্রমাণ হল, যারা বলে, আমাদের আলেমগণ নব আবিষ্কৃত অনুবীক্ষণ যন্ত্র ব্যবহার করাকে হারাম বলে ফতোয়া

দিয়েছেন এবং খালি চোখে দেখাকে ওয়াজিব বলেছেন। তাদের কথা সর্বৈব মিথ্যা। (আল্লাহ ভাল জানেন)

মহান আল্লাহর কাছে প্রার্থনা, হে আল্লাহ আমাদের হককে হক করে দেখাও ও তার অনুসরণ করার তাওফিক দান কর। আর বাতিলকে বাতিল করে দেখাও এবং তা থেকে বেঁচে থাকার তাওফিক দান কর। বাতিল যেন আমাদের নিকট অস্পষ্ট না হয়, তাহলে আমরা বিভ্রান্ত হয়ে যাব। হে আল্লাহ আমাদেরকে মুত্তাকিদের ইমাম বানাও।